দৈনিক সংবাদ
তারিখ 3/6/87
পৃষ্ঠা 1 কলাম 2



# ৪টি শিক্ষা বোর্ডের ২৯টি পরীক্ষা কেন্দ্র বাতিল

সরকার ৪টি শিক্ষা বোর্ডের অধীনে ২৯টি পরীক্ষা কেন্দ্র ও উপকেন্দ্র বাতিলের সিদ্ধান্ত নিয়েছে। আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার ব্যাপারে বিশেষ বিবেচনার পর এ সিদ্ধান্ত নেয়া হয়। খবর বাসস'র।

এ সিদ্ধান্ত ঘোষণা করে শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেন, বাতিলকৃত কেন্দ্রসমূহের পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বাছাই করা কেন্দ্র অথবা উপকেন্দ্রসমূহে পরীক্ষা দিতে পারবে।

যাতে কোন পরীক্ষা কেন্দ্রে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি না ঘটে এবং সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ ব্যাহত না হয় তার জন্য সার্বিক সহযোগিতার হাত প্রসারিত করতে তিনি সকল মহলের বিশেষ করে ছাত্র, শিক্ষক, অভিভাবক ও স্থানীয় জনগণের প্রতি আবেদন জানান।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার পরীক্ষায় অসদুপায় অবলম্বনকে আত্মহত্যা ও আত্মপ্রবঞ্চনামূলক কাজ বলে মনে করে। পরীক্ষায় অসদুপায় অবলম্বন বন্ধ করতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ বলে তিনি উল্লেখ করেন।

জনাব মাহবুব বলেন, সরকার আরও সিদ্ধান্ত নিয়েছে যে, ১৯৮৮ সাল থেকে উপজেলা সদরের বাইরে কোন পরীক্ষা কেন্দ্র থাকবে না। এর আগেও ৪টি শিক্ষা বোর্ডের অধীনে বেশ কয়েকটি পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছিল।

তিনি বলেন, জনগণ ও ছাত্রদের বৃহত্তর স্বার্থে এবং শিক্ষার প্রয়োজনীয় মান বজায় রাখার

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## ২৯টি পরীক্ষা কেন্দ্র বাতিল

(১ম পাতার পর)

জন্য এসমস্ত পদক্ষেপ নেয়া হয়েছে। এ ব্যাপারে 'তদবির' না করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

বাতিলকৃত কেন্দ্র ও উপকেন্দ্রসমূহের বোর্ডভিত্তিক তালিকা :-

ঢাকা বোর্ড—ভাওয়াল জামালপুর কলেজ, গাজীপুর; কালিয়াকৈর কলেজ, গাজীপুর; মেলান্দহ কলেজ, জামালপুর; বালিয়াকান্দি কলেজ, রাজবাড়ী; কলিমুল্লাহ কলেজ, গজারিয়া, মুন্সীগঞ্জ (উপকেন্দ্র) এবং মাদারগঞ্জ কলেজ, জামালপুর।

কুমিল্লা বোর্ড—চৌয়ারা কলেজ, সদর উপজেলা, কুমিল্লা; গুণবতী কলেজ, চৌদ্দগ্রাম উপজেলা, কুমিল্লা; দল্লাই নবাবপুর কলেজ, চান্দিনা উপজেলা, কুমিল্লা এবং চেঙ্গারচর কলেজ, মতলব উপজেলা, চাঁদপুর।

রাজশাহী বোর্ড—পাকেরহাট কলেজ, খানসামা উপজেলা; পাকশী রেলওয়ে কলেজ, ঈশ্বরদী উপজেলা, ডোমার কলেজ, ডোমার উপজেলা, নীলফামারী; বারই গ্রাম কলেজ, বারই গ্রাম উপজেলা, নাটোর; নলডাঙ্গারহাট কলেজ, সদর উপজেলা, নাটোর; গোপালপুর কলেজ, লালপুর, নাটোর; প্রেমতলী কলেজ, গোদাগাড়ী উপজেলা, রাজশাহী; মঙ্গলবাড়ী কলেজ, জয়পুরহাট এবং আরানী কলেজ, বাঘা উপজেলা, রাজশাহী সদর।